

সেপ্টেম্বর ২০১৬ইং

জটিল অপারেশনসমূহ দ্রুততার সাথে নিখুঁতভাবে সম্পন্ন করতে রোবটিক সার্জারি

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের নাক কান গলা বিভাগের উদ্যোগে গত ৫ সেপ্টেম্বর ২০১৬ইং তারিখে রোবটিক সার্জারি বিষয়ক বৈজ্ঞানিক সেমিনার অনুষ্ঠিত হয়। গুরুত্বপূর্ণ ওই সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। প্রকৃতপক্ষে, এধরণের পদ্ধতি চালু হওয়ায় নাক, কান, গলা সংক্রান্ত জটিল অপারেশনসমূহ দ্রুততার সাথে নিখুঁতভাবে সম্পন্ন করা যাবে। এছাড়া রোবটিক সার্জারিতে রোগীর ঝুঁকির মাত্রাও কম এবং সার্জারি পরবর্তী নানা সমস্যাজনিত উপসর্গও তুলনামূলকভাবে কম হয়ে থাকে।